



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



০২, অরফ্যানেজ রোজ, বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576

(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত)

নং- ৩৭.১৬.০০০০.০০৯.৪৪.০০১.২০-১৯৭

তারিখ: ১০ চৈত্র, ১৪২৭
২৪ মার্চ, ২০২১

বিষয়: “পাবলিক পরীক্ষা পরিচালনা ও ব্যবস্থাপনা” শীর্ষক অনলাইন প্রশিক্ষণে অংশগ্রহণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর কৌশলগত উদ্দেশ্য ২.৬.২ এর আলোকে আগামী ২৯ মার্চ, ২০২১ তারিখ রোজ সোমবার সকাল ১০.০০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত জুম প্ল্যাটফর্মে/ জুম এ্যাপস এর মাধ্যমে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর কায়সার আহমেদ এর সভাপতিত্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন পাবলিক পরীক্ষাসমূহের কেন্দ্র সচিবগণের সমন্বয়ে “পাবলিক পরীক্ষা পরিচালনা ও ব্যবস্থাপনা” শীর্ষক একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।


অনুষ্ঠিতব্য প্রশিক্ষণে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন পাবলিক পরীক্ষাসমূহের কেন্দ্র সচিবগণকে একজন কম্পিউটার / তথ্য প্রযুক্তি ব্যবহারে পারদর্শী শিক্ষক/সহকারী এবং কেন্দ্র পরিচালনা কমিটির একজন সদস্যসহ (মোট ৩ জন) নিম্নে উল্লেখিত লিংকে প্রবেশ করে রেজিস্ট্রেশন পূর্বক নির্ধারিত সময়ে উক্ত অনলাইন প্রশিক্ষণে সংযুক্ত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

<https://zoom.us/meeting/register/t/jwucOiopzMuGtRHaD55DSl86jdAdwmpRwNd>

উল্লেখ্য, রেজিস্ট্রেশন সম্পন্ন করার পর রেজিস্ট্রেশনকারীর ইমেইলে উক্ত অনলাইন প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য জুম (Zoom) আইডি, পাসওয়ার্ডসহ প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ করা হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

সংযুক্তি: প্রশিক্ষণে সংযুক্ত হওয়ার নিয়মাবলী-১ পাতা


২৪.০৩.২১

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোন: ০২-৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক: কেন্দ্র সচিব


বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন পাবলিক পরীক্ষাসমূহ

নং- ৩৭.১৬.০০০০.০০৯.৪৪.০০১.২০-১৯৭(১০)

তারিখ: ১০ চৈত্র, ১৪২৭
২৪ মার্চ, ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-৩. পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক/পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৪. জেলা প্রশাসক (সকল);
৫. জেলা শিক্ষা অফিসার (সকল);
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ.দা), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (সার্বিক কারিগরি ব্যবস্থাপনার অনুরোধসহ);
৭. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহল প্রচারের অনুরোধসহ);
৮. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১০. অফিস কপি।


২৪/৩/২১

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ০২-৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

০২, অরফ্যানেজ রোজ, বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



“পাবলিক পরীক্ষা পরিচালনা ও ব্যবস্থাপনা” শীর্ষক অনলাইন প্রশিক্ষণে অংশগ্রহণের নিয়মাবলী

✚ <https://zoom.us/meeting/register/tJwucOiopzMuGtRHaD55DSl86jdAdwmpRwNd>
এই লিঙ্কে প্রবেশ করুন অথবা লিঙ্কটি কপি করে যে কোন ব্রাউজারের Address Bar এ পেস্ট করুন। অতঃপর **Enter** চাপুন।

✚ নিম্নে উল্লিখিত ছবির ন্যায় একটি উইন্ডো প্রদর্শিত হবে:

Meeting Registration

[f](#) [t](#) [in](#) [e](#)

Topic	Test Meeting
Time	Mar 8, 2021 14:30 in Astana, Dhaka

First Name*

Last Name*

Email Address*

Confirm Email Address*

* Required information

Register

- ✚ **First Name:** স্ব স্ব কেন্দ্র কোড-কেন্দ্রের নাম লিখতে হবে।
- ✚ **Last Name:** কেন্দ্র সচিবের নাম & সহকারীর নাম & কেন্দ্র পরিচালনা কমিটির একজন সদস্যের নাম লিখতে হবে।
- ✚ **Email Address:** অবশ্যই **Valid Email Address** প্রদান করতে হবে। কেননা, জুম (Zoom) আইডি, পাসওয়ার্ডসহ প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট ইমেইলেই প্রেরণ করা হবে।
- ✚ **Confirm Email Address:** পুনরায় একই **Email Address** প্রদান করতে হবে।
- ✚ উল্লিখিত তথ্যাদি পূরণ করার পর **Register** বাটনে ক্লিক করতে হবে।
- ✚ রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর নির্ধারিত সময়ে ইমেইলে প্রাপ্ত লিঙ্কে প্রবেশ করে অনলাইন প্রশিক্ষণে সংযুক্ত হতে হবে।
- ✚ অনলাইন প্রশিক্ষণে রেজিস্ট্রেশনের সময়সীমা: প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্ব পর্যন্ত।
- ✚ প্রশিক্ষণ চলাকালীন অংশগ্রহণকারীগণ অবশ্যই স্ব স্ব Mic কে Mute রাখবেন।
- ✚ প্রয়োজনে যোগাযোগ: ০১৭৫১ ৮৭৭৬৭৭